

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৫

৪। শ্রীরাধার ভাণ্ডারের প্রেমধন, জগতে করলেন বিতরণ গোরারায়।
প্রেমের অভিনয় করতে বাকীছিল (গো)

তাইতে পুনঃ হয় উদয় ॥

৫। পুনরায় প্রেমাভিনয় করি, গুরুচাঁদ হ'লেন ভাণ্ডারী প্রেমালয়।
হলেন গোলোকচন্দ্র আবাদকারী (গো) মহানন্দ প্রেম বিলায় ॥

৬। হীরমান পেয়ে প্রেম রতন, উঘাড়িয়া করে ভোজন রসনায়।
হয়ে অনুরাগী সর্বব্যাগী (গো) জলের পর নেচে বেড়ায় ॥

৭। তারকচাঁদ প্রেম বণিক হয়ে, জাহাজ লয়ে বেড়ায় বেয়ে,
ও কে নিবি আয় ॥

প্রেম যে নিষেছে সেই মেতেছে (গো) পাথারে সাঁতার খেলায় ॥

৮। দশরথ মৃত্যুঞ্জয় লোচন, তারা হয় প্রেমের মহাজন এ ধরায়।
কত পূজক, ধ্যানী, কৰ্ম্মী, স্ত্রী (গো) প্রেম দিয়ে তাকে ডুবায় ॥

৯। লক্ষ্মীখালির গোপাল সাধু, পান করে হরিনামের মধু, মেতে যায়।
সে আপনি মেতে জগৎ মাতায় (গো) যার নামেতে

বাঘ পালায় ॥

১০। হরিবর মনোহর তারা, ডুবিল মুদি নয়ন তারা, প্রেমগোলায়।
তারা ডুবাইল পুরুষ নারী (গো) হরিচাঁদের প্রেম বন্যায় ॥

১১। বলে গৌসাই মহানন্দ, অশ্বিনী তোর কৰ্ম্মমন্দ, দুরাশয়।
কেন অভিমানের স্তম্ভ করি (গো) তুই বসে র'লি এ সময় ॥

২০ নং তাল-গড়খেমটা

আমার হরিচাঁদের প্রেমের মেলা আনন্দ নগরে।

এই বেলা ভাই করগো মেলা হরিনামের তরী করে ॥

১। শ্রীহরির প্রেমের মেলা র'য়েছে দোকান খোলা,
যত সব হরিবোলা বেচাকেনা করে।

এবার ব্রহ্মার বাঞ্ছিত হরিনাম বিকাইতেছে সস্তাদরে ॥

* ষটচক্র ও সাধন তত্ত্ব পড়ুন।